

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

এফই সার্কুলার নং-২৫

০৩ আষাঢ় ১৪২৬  
তারিখ :-----  
১৭ জুন ২০১৯

বৈদেশিক মুদ্রায় লেনদেনের  
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে নগদ সহায়তা পরিশোধ প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ৭, তারিখ ০৩/০৬/২০০৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। আলোচ্য সার্কুলারের ২(৪) অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ স্পেশালাইজড টেক্সটাইল মিলস এন্ড পাওয়ারলুম ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন (বিএসটিএমপিআইএ) এর অনুকূলে নগদ সহায়তা সংশ্লিষ্ট সনদপত্র ইস্যু করার ক্ষমতা সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি-১)২৯১/২০০৩-৩২৮, তারিখ ২৮/১২/২০০৩ এর মাধ্যমে প্রত্যাহার করা হয়। সরকারী সিদ্ধান্ত অনুযায়ী উক্ত এসোসিয়েশনকে এফই সার্কুলার নং ৭/২০০৩ এর সাথে সংযোজিত ফরমেট (পরিশিষ্ট-‘ক’, পৃষ্ঠা-৪) মোতাবেক তাদের সদস্যদের অনুকূলে উৎপাদন সনদপত্র ইস্যুর ক্ষমতা পুনঃবহাল করা হলো। এতদবিষয়ে এফই সার্কুলার নং ৭/২০০৩ এর ২(১) অনুচ্ছেদে বস্ত্রখাতে নগদ সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে বিটিএমএ এর সদস্য মিল হতে সুতা সংগ্রহ বিষয়ক নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে।

২। সার্কুলার জারীর তারিখ হতে জাহাজীকৃত পণ্যের বিপরীতে নগদ সহায়তার আবেদনের ক্ষেত্রে উপরোক্ত নির্দেশনা কার্যকর হবে। বস্ত্রখাতে নগদ সহায়তা পরিশোধের বিষয়ে প্রয়োজ্য অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৩০১২৩